minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister
Voice Control Smart Tv
৳৪৯,০০০

শনিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮১ ॥ রেজিঃনং– কেএন ২৮৯ ॥ ৩১ আষাঢ় ১৪৩০ ॥ ২৬ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১৫ জুলাই ২০২৩

রংপুরে প্রধানমন্ত্রীর জনসভা ৩০ জুলাই

নিজস্ব প্রতিবেদক : জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচনী জনসভা শুরু করতে যাচ্ছেন আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ৩০ জুলাই রংপুর জিলা স্কুল মাঠে জেলা ও মহানগর আওয়ামী লীগের আয়োজনে ওই জনসভা হবে।

গত বৃহস্পতিবার (১৩ জুলাই) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে রংপুর আওয়ামী লীগের নেতারা সাক্ষাৎ করতে গেলে ক্ষমতাসীন দলের প্রধান এই তারিখ জানান। এ সময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের কোষাধ্যক্ষ রংপুর-৫ আসনের সংসদ সদস্য এইচএন আশিকুর রহমান, তাঁর ছেলে আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য মিডিয়া ব্যক্তিত্ব রাশেক রহমান প্রমুখ।

আজ ব্যবসায়ী সম্মেলন, আলোচনায় সরকারি দলকে সমর্থন

নিজস্ব প্রতিবেদক : আজ শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য ব্যবসায়ী সম্মেলন নিয়ে বিস্তারিত জানাতে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য দেন এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিন। গতকাল মতিঝিলে এফবিসিসিআই সভাপক্ষে আজ শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য ব্যবসায়ী সম্মেলন নিয়ে বিস্তারিত জানাতে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য দেন এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিন।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ২-এর পাতায় দেখুন

বিএনপি জনগণের ম্যান্ডেটকে মেনে নিতে পারে না

নিজস্ব প্রতিবেদক : বিএনপি নেতাকর্মীরা জনগণের ম্যান্ডেটকে মেনে নিতে পারে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।

গত বৃহস্পতিবার (১৩ জুলাই) বাংলাদেশ সময় রাত ৮টায় নিজের ভেরিফায়েড ২-এর পাতায় দেখুন

যুক্তরাষ্ট্রের সঙ্গে ভুলবোঝাবুঝি হয়েছিল, দূরত্ব কমেছে

নিজস্ব প্রতিবেদক : যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকারবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়ার সঙ্গে বৈঠকের পর সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা ২-এর পাতায় দেখুন

গুজবের মধ্যেই স্ত্রীকে নিয়ে যুক্তরাষ্ট্রে গেলেন শামীম ওসমান

নিজস্ব প্রতিবেদক : নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য শামীম ওসমানের যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল হয়েছে সাম্প্রতিক সময়ে এমন গুজবের মধ্যেই স্ত্রীকে সঙ্গে নিয়ে যুক্তরাষ্ট্রে গিয়েছেন তিনি। ফলে ভিসা বাতিলের গুঞ্জন মিথ্যা প্রমাণিত হয়েছে।

শেখ হাসিনার অধীনেই দ্বাদশ সংসদ নির্বাচন

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র এবং মানবাধিকার বিষয়ক আন্ডার সেক্রেটারি আজরা জেয়া বৃহস্পতিবার গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ব্যুরোর সহকারী পররাষ্ট্রমন্ত্রী ড. ডোনাল্ড লু ও ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিবেদক : পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহ-রিয়ার আলম জানিয়েছেন, আগামী দ্বাদশ নির্বাচন বর্তমান সরকারের অধীনেই হবে। দেশের সংবিধান অনুযায়ী আগামী জাতীয় নির্বাচন শেখ হাসিনা সরকারের অধীনেই হবে। বিষয়টি যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলকে জানিয়ে দেওয়া হয়েছে।

গত শুক্রবার (১৪ জুলাই) রাতে মার্কিন পররাষ্ট্র দপ্তরের নাগরিক নিরাপত্তা, মানবাধিকার ও গণতন্ত্রবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়া ঢাকা ছাড়ার আগে প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমানের দেওয়া নৈশভোজে যোগ দেন। যেখানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমও উপস্থিত ছিলেন।

সেই নৈশভোজের আগে বৈঠকে মার্কিন পররাষ্ট্র দপ্তরের নাগরিক নিরাপত্তা, মানবাধিকার ও গণতন্ত্রবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়াসহ প্রতিনিধি দলকে স্পষ্টভাবে এ কথা জানিয়ে দেওয়া হয়। নৈশভোজ শেষে শুক্রবার দিবাগত রাত সাড়ে ৩টায় ঢাকা ছাড়ে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলটি। পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমানের বক্তব্য সূত্রে এসব তথ্য জানা গেছে।

অবাধ-সুষ্ঠু নির্বাচনেই সন্তুষ্ট যুক্তরাষ্ট্র : আন্ডার সেক্রেটারি উজরা জেয়াসহ প্রতিনিধি দলের বাংলাদেশ সফরকালে বিভিন্ন দ্বিপক্ষীয় বৈঠক হয়, যেখানে আগামী জাতীয় নির্বাচনের রূপরেখা নিয়েও আলোচনা হয়েছে।

প্রধানমন্ত্রী ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে পারিবারিক দ্বন্দ্বে ভাটা লিটনের কব্জি বিচ্ছিন্ন ফায়দা লুটার চেষ্টা বিএনপির

নিজস্ব প্রতিবেদক : রাজনৈতিক নয়; পারিবারিক দ্বন্দ্ব নিয়ে পুর্ব শত্রুতার জের ধরেই ঝিনাইদহে পাগলা কানাই এলাকার ভাটা লিটনের কব্জি বিচ্ছিন্ন করেছে তারই চাচাতো ও ফুপাতো ভাইয়েরা। পারিবারিক দ্বন্দ্বের এই বিষয়টি রাজনৈতিক ইস্যু করে ফায়দা লুটার চেষ্টা করছে বিএনপি। উল্লেখ্য, ভাটা লিটন হিসেবে পরিচিত লিটন মিয়া ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই এলাকায় ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক ও জেলা যুবদলের সদস্য। এই ঘটনার সঙ্গে জড়িত বিএনপির আসামীদের যুবলীগের আসামী বলে চালানো হচ্ছে। যেমন লিমন ঝিনাইদহ জেলা ছাত্রদল (পিন্টু-মাখন কমিটি) সাবেক সদস্য, তার পিতা মাছ সাঈদ হিসেবে পরিচিত আবু সাঈদ ঝিনাইদহ জেলা শ্রমিকদলের যুগ্ম-সাধারণ সম্পাদক। পিতা-পুত্র উভয়ের বিরুদ্ধেই নানারকম সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে।

খোঁজ নিয়ে জানা যায়, দীর্ঘদিন ধরে বাড়িবাথান গ্রামের ভাটা লিটন নামে পরিচিত লিটন ও তার ফুপাতো ভাই একই গ্রামের তৌফিক, চাচাতো ভাই শাহীনের সাথে পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে বিরোধ চলে আসছিলো। কয়েক বছর আগে তৌফিকের বড় ভাই টিংকুকে সাউফ আফ্রিকা পাঠায় লিটন ও তার ফুপা শফিক। পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে দ্বন্দ্ব শুরু হলে শফিক টিংকুকে মারধর করে। সেখানে মারা যায় ২-এর পাতায় দেখুন

আমরা সংবিধান মেনে চলি, সংবিধান মেনেই নির্বাচন করব

নিজস্ব প্রতিবেদক : যাঁরা সংবিধান মানেন না, তাঁদের বাংলাদেশি নাগরিকত্ব নিয়ে প্রশ্ন তুলেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, 'বিএনপির নেতারা অনেক কথাই বলতে পারেন। আমরা সংবিধান মেনে চলি। বঙ্গবন্ধু আমাদের সংবিধান দিয়েছেন। এই সংবিধান মেনেই নির্বাচন করব। আর যাঁরা এই সংবিধান মানেন না, তাঁরা নিজেদের বাংলাদেশের নাগরিক বলা আমার মনে হয় সঠিক নয়।'

গতকাল শুক্রবার সকালে ঢাকা থেকে ২-এর পাতায় দেখুন

'আশায় গুড়ো বালি' বিএনপির

নিজস্ব প্রতিবেদক : গত প্রায় ১৪ বছর ধরে সরকার পতনের আন্দোলন করে আসছে বিএনপি। কিন্তু বারবার আন্দোলন মুখ থুবড়ে পড়ছে। আন্দোলন জমে উঠতেই স্থিমিত হয়ে গেছে বারবার। তবে গত বছর বিভাগীয় সমাবেশের মধ্য দিয়ে এই আন্দোলনে প্রাণের সঞ্চার হলেও ডিসেম্বরের পর সেই আন্দোলন হঠাৎ আবার ঝিমিয়ে পড়ে। বিএনপি নেতৃবৃন্দ আবার ঘোষণা করে যে, তারা ঈদের সরকারবিরোধী আন্দোলন কঠোর করবে। এরই মধ্যে ঈদুল ফিতর চলে যায়। ঈদুল ফিতরের পর গত ২৪ মে আমেরিকা হঠাৎ বাংলাদেশের ব্যাপারে ভিসা নীতি ঘোষণা করলে আবার উজ্জীবিত হয়ে উঠবে বিএনপি। আমেরিকা ভিসা নীতি ঘোষণার ফলে সরকার আন্তর্জাতিক চাপের মুখে পড়েছে বলে ধারণা করা হয় এবং এ সময় বিএনপি আন্দোলন আরও তীব্র করার সিদ্ধান্ত গ্রহণ করে। গত ১০ ডিসেম্বরের ১০ দফা দাবি থেকে এক দফা আন্দোলনের প্রস্তুতি নেয় বিএনপি। এরই মধ্যে ইইউ প্রতিনিধি ২-এর পাতায় দেখুন

দামুড়হুদায় জন্ম-মৃত্যু নিবন্ধনে শ্রেষ্টত্বের পুরস্কার পেলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন

দামুড়হুদা প্রতিনিধি : দামুড়হুদায় জন্ম- মৃত্যু নিবন্ধনে শ্রেষ্টত্বের পুরস্কার পেলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন।

দামুড়হুদা উপজেলায় জন্ম-মৃত্যু নিবন্ধনে গত জুন-২০২৩ মাসে সকল ইউনিয়নের মধ্যে সর্বাধিক সংখ্যক জন্ম- মৃত্যু নিবন্ধন সম্পন্ন করায় কার্পাসডাংগা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল করিম, সচিব মো : হাসানুজ্জামান এবং গ্রাম পুলিশ মো: আরাফাত হোসেনকে শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। শুভেচ্ছা স্মারক প্রদান করেন প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগর টগর। এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

ঝিনাইদহের পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যানের বিরুদ্ধে মামলার প্রতিবাদে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাসের নামে মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদ ও মামলা প্রত্যাহারের দাবীতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় সদর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে জেলা আওয়ামী লীগের কার্যালয় চত্বর থেকে একটি বিক্ষোভ ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে শ্রমজীবি মানুষের জীবনে বাউল গান অনুষ্ঠানে আব্দুল হাই এমপি

বর্তমান সরকার শ্রমজীবি মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করছে

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ শ্রমজীবি মানুষের জীবনে বাউল গান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আব্দুল হাই এমপি। ঝিনেদা থিয়েটার ও ছিন্নমূল নারী সংগঠনের আয়োজনে শুক্রবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন এ বাউল গান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা ও সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, শ্রমিক নেতা ওলিয়ার রহমান, মাসুদ রেজা, ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঝিনাইদহ ছিন্নমূল নারী সংগঠনের সভানেত্রী ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে প্রয়াত রাষ্টপতি হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

বসির আহাম্মেদ : ঝিনাইদহে সাবেক প্রয়াত রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ এর ৪র্থ মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা জাতীয় পার্টি। এতে জেলা জাতীয় পার্টির সভাপতি রাশেদ মাজমাদার এর সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহ্‌ফিলে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক এমদাদুল ইসলাম (বাচ্চু), সিনিয়র সহ-সভাপতি ২-এর পাতায় দেখুন

মেহেরপুর জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের আংশিক কমিটির অনুমোদন

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের আংশিক কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন বাচ্চু ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু আগামী তিন বছরের জন্য এই কমিটির অনুমোদন দেন। কমিটিতি আরিফুল ইসলাম সোবহানকে সভাপতি ও বারিকুল ইসলাম লিজনকে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। মঙ্গলবার (১১ জুলাই) বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন বাচ্চু ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। কমিটিতে ১১ জন সহ সভাপতি, ১ জন যুগ্ম সাধারণ সম্পাদক, ২ জন সাংগঠনিক সম্পাদক, ১ জন গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক, ১ জন আইন বিষয়ক সম্পাদক, ১ স্বাস্থ্য ও ২-এর পাতায় দেখুন

গাংনীতে গাঁজা ছিনিয়ে নেয়ার অভিযোগে একজনকে পিটিয়ে জখম, গ্রেপ্তার ৩

গাংনী প্রতিনিধি: ভারত থেকে পাচারকৃত গাঁজা ছিনিয়ে নেয়ার অভিযোগ তুলে আহম্মদ আলী (৩২) নামের এক ব্যক্তিকে পিটিয়ে ও কুপিয়ে জখম করেছে মাদক ব্যবসায়িরা। মুমূর্ষ অবস্থায় তাকে কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তী রংমহল গ্রামে এ ঘটনা ঘটে। আহত আহম্মদ আলী কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামের চাঁন মহাম্মদের ছেলে। এ ঘটনায় শুক্রবার ভোরে পুলিশ ৩ জনকে গ্রেপ্তার করে জেলহাজতে পাঠিয়েছে। গ্রেপ্তারকৃতরা হচ্ছে-খাসমহল গ্রামের সুন্নত, ইউসুপ ও আশরাফ। জানা গেছে, রংমহল গ্রামের আলোচিত মাদক ব্যবসায়ী শরিফুল ইসলামের মাদক বহনের কাজ করে একই গ্রামের মিন্টু, সুরুজ ও সোহেলসহ আরও কয়েকজন। বুধবার রাতে তারা সীমান্ত এলাকা থেকে ২৪ কেজি গাঁজা নিয়ে ফেরার পথে অজ্ঞাত ব্যক্তিরা ১২ কেজি গাঁজা ছিনিয়ে নেয়। এ ঘটনায় ২-এর পাতায় দেখুন

অভয়নগরে মৃত্যুদণ্ড সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

অভয়নগর প্রতিনিধি : যশোরের অভয়নগর থানা পুলিশ আকবর আলী নামে ডাকাতি মামলার মৃত্যুদণ্ড সাজাপ্রাপ্ত পলাতক এক আসামিকে গ্রেপ্তার করেছে। বসুন্দিয়া ক্যাম্প পুলিশের সহযোগিতায় তাকে গ্রেপ্তার করা হয়। গতকাল মধ্যরাতে যশোর সদর উপজেলার বসুন্দিয়া ইউনিয়নের বসুন্দিয়া বাজার থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন

ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মো: আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

শনিবার ১৫ জুলাই ২০২৩

তিস্তার পানি বিপৎসীমার ৪০ সেন্টিমিটার ওপরে

নিজস্ব প্রতিবেদক : নীলফামারীতে তিস্তা নদীর বন্যা পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে। শুক্রবার (১৪ জুলাই) সকাল ৬টার দিকে ডালিয়ায় তিস্তা ব্যারাজ পয়েন্টে নদীর পানি বিপৎসীমার ৪০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এরপর সকাল ৯টায় কিছুটা কমলেও ৩২ সেন্টিমিটার ওপরে ছিল। এর আগে বৃহস্পতিবার রাত ৯টায় বিপৎসীমার ৩৭ সেন্টিমিটার ওপরে পানিপ্রবাহ ছিল।

জানা যায়, উজানের ঢল ও অতিবৃষ্টির কারণে তিস্তা নদীর পানি বিপৎসীমা অতিক্রম করে। ফলে নদীবেষ্টিত ডিমলা উপজেলার সাতটি ইউনিয়নের ১৫টি চর গ্রামের তিন সহস্রাধিক পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। পানি বৃদ্ধির ফলে জেলার ডিমলা উপজেলার পূর্বছাতনাই, পশ্চিম ছাতনাই, টেপাখড়িবাড়ি, খালিশাচাপানী, ঝুনাগাছ চাপানী, গয়াবাড়ি, খগাখড়িবাড়ি ইউনিয়নের তিস্তা

হাজারো মানুষ পানিবন্দি

নদীবেষ্টিত ১৫টি চর গ্রামের তিন সহস্রাধিক পরিবার বন্যাকবলিত হয়ে পড়েছে।

পানি উন্নয়ন বোর্ড সূত্র জানায়, বৃহস্পতিবার সকাল ৯টায় তিস্তা ব্যারাজ পয়েন্টে নদীর পানি বিপৎসীমা অতিক্রম করে ১৯ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। সন্ধ্যা ৬টায় আরও বৃদ্ধি পেয়ে বিপৎসীমার ৩৫ সেন্টিমিটার এবং রাত ৯টায় ৩৭ সেন্টিমিটার ওপরে ওঠে। শুক্রবার সকাল ৬টায় আবারও বৃদ্ধি পেয়ে ৪০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এরপর পানি কিছুটা কমতে থাকলে সকাল ৯টায় বিপৎসীমার ৩২ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ব্যারাজের সবগুলো জলকপাট (৪৪টি) খুলে রাখা হয়েছে।

ডিমলা উপজেলার খালিশাচাপানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. সহিদুজ্জামান সরকার বলেন, রাতে পানি ২-এর পাতায় দেখুন

স্বাধীন বাংলা বেতারের শিল্পী বুলবুল মহলানবীশ আর নেই

বিনোদন ডেস্ক : না ফেরার দেশে চলে গেলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক বুলবুল মহলানবীশ। দীর্ঘদিন অসুস্থ থাকার পর গতকাল শুক্রবার ভোরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

তার মৃত্যুর খবরটি নিশ্চিত করেছেন ভাতিজি অভিনেত্রী জয়ীতা মহলানবীশ। তিনি তার ফুফুর বিদেহী আত্মার জন্য সবার কাছে প্রার্থনা কামনা করেন।

বুলবুল মহলানবীশ একাধারে কবি ও লেখক সংগীত, নাট্য ও আবৃত্তিশিল্পী হিসেবেও খ্যাতি লাভ করেছিলেন। পাশাপাশি তিনি টেলিশন-বেতার-মঞ্চে শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক বিভিন্ন ধরনের অনুষ্ঠান তিনি উপস্থাপনা করতেন।

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিকালে সেই সময়কার রেসকোর্স ময়দানে যখন পাক হানাদার বাহিনী আত্মসমর্পন করছিল ঠিক সেই মাহেন্দ্রক্ষণে কলকাতার বালিগঞ্জের স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত হয় 'বিজয় নিশান উড়ছে ঐ- ২-এর পাতায় দেখুন

কুষ্টিয়ায় মুক্তিযোদ্ধা পরিবারকে হামলা-মামলা দিয়ে হয়রানির প্রতিবাদে বিক্ষোভ ও মানববন্ধন

মোঃ হাবিবুর রহমান, কুষ্টিয়া : কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের বেড় কালোয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেকের পরিবারের উপরে বিভিন্ন সময় হামলা ও মিথ্যা মামলা দিয়ে হয়রানি করার প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে এলাকাবাসী। গতকাল কালোয়া গ্রামে অনুষ্ঠিত উক্ত মানববন্ধনে ভুক্তভোগী বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেকসহ এলাকার কয়েকশ নারী-পুরুষ অংশগ্রহণ করেন। এসময় বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেক দাবি করেন পার্শ্ববর্তী জেলে পাড়ার কিছু সন্ত্রাসী গ্রুপ দীর্ঘদিন ধরে তার পরিবার ও তাদের বাড়ির আশপাশের মানুষের উপর হামলা ও মিথ্যা মামলা দিয়ে হয়রারি করে আসছে। এরই ধারাবাহিকতায় গত ১০ জুলাই সোমবার রাতে জেলে পাড়া গ্রামে প্রতিপক্ষের হামলায় মন্টু শেখ নামের একজন গুলিবিদ্ধ হলে ২-এর পাতায় দেখুন

থানা হেফাজতে নির্যাতনের অভিযোগ

এসপিসহ ৫ পুলিশ সদস্যের বিরুদ্ধে মামলার নির্দেশ আদালতের

নিজস্ব প্রতিবেদক : নাটোরে থানা হেফাজতে আসামিদের নির্যাতনের অভিযোগে অতিরিক্ত পুলিশ সুপারসহ পাঁচ পুলিশ সদস্যের বিরুদ্ধে মামলার নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (১৩ জুলাই) সন্ধ্যায় লালপুর আমলি আদালতের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. মোসলেম উদ্দীন এ আদেশ দেন। একইসঙ্গে আগামী ১৫ জুলাইয়ের মধ্যে আদালতে প্রতিবেদন জমা দেওয়ার আদেশও দেওয়া হয়। অভিযুক্তরা হলেন-বড়াইগ্রাম সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার শরীফ আল রাজিব, লালপুর থানার ওসি মো. উজ্জ্বল হোসেন, উপ-পরিদর্শক জাহিদ হাসান, ওমর ফারুক ও এক কনস্টেবল। ভুক্তভোগীরা হলেন-পাবনার ঈশ্বরদীর ফতেহ মোহাম্মদপুর গ্রামের মো. সোহাগ হোসেন (৩০), মোকাররমপুর ২-এর পাতায় দেখুন

চাকরির পরীক্ষা দিতে ঢাকা এসে ২ বাসের চাপায় মৃত্যু, চালক গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক : রাজধানীর কল্যাণপুরে ফুটওভার ব্রিজের নিচে বৈশাখী পরিবহন ও পরিস্থান পরিবহনের দুই বাসের চাপায় প্রাণ হারিয়েছেন মনিরুজ্জামান (৩১) নামে এক যুবক। এলজিইডির ওয়ার্ক অ্যাসিসট্যান্ট পদে চাকরির পরীক্ষা দিতে রংপুর থেকে ঢাকায় আসেন তিনি। মোটরসাইকেলে করে সবুজবাগে পরীক্ষা কেন্দ্রে যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটে। এই ২-এর পাতায় দেখুন

সাতক্ষীরায় বিপুল পরিমাণ ভেজাল মধুসহ ১নারী গ্রেফতার

সোহারাফ হোসেন সৌরাভ, সাতক্ষীরা : সাতক্ষীরার কালিগঞ্জে ২ হাজার ৫০ লিটার ভেজাল মধু সহ এক নারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল কালীগঞ্জের কৃষ্ণনগর ইউনিয়নে এই অভিযান চালানো হয়। গ্রেপ্তার হওয়া নারী কৃষ্ণনগরের মো: কামাল হোসেনের স্ত্রী। কালিগঞ্জ থানায় এক সংবাদ সম্মেলনে এসব তথ্য নিশ্চিত করেছেন ২-এর পাতায় দেখুন

যান চলাচলের জন্য প্রস্তুত হচ্ছে বঙ্গবন্ধু টানেল

নিজস্ব প্রতিবেদক : যানবাহন চলাচলের জন্য প্রস্তুত হচ্ছে কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল'। ইতোমধ্যে ৯৮ শতাংশ কাজ শেষ হয়েছে। এখন চলছে শেষ মুহূর্তের কাজ। আগামী সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা টানেল উদ্বোধন করবেন বলে জানালেন প্রকল্প সংশ্লিষ্টরা। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, আসছে সেপ্টেম্বর মাসে উদ্বোধনের সম্ভাব্য সময় ধরে দিনরাত কাজ করে যাচ্ছেন তারা। ইতোমধ্যে টানেলের ৯৮ শতাংশ কাজ শেষ হয়েছে। বাকি দুই শতাংশ কাজ শিগগিরই শেষ হবে। তবে প্রকল্পের মেয়াদ রয়েছে চলতি বছরের ৩০ ডিসেম্বর পর্যন্ত। টানেল নির্মাণ প্রকল্পের পরিচালক মো. হারুনুর রশীদ বাংলা ট্রিবিউনকে বলেন, 'টানেল নির্মাণের কাজ ইতোমধ্যে ৯৮ শতাংশ শেষ হয়েছে। এখন টানেলে বড় ধরনের কোনও কাজ নেই। চলছে শেষ মুহূর্তের টুকিটাকি কাজ। দুটি টিউবই প্রস্তুত। সব ঠিক থাকলে আগস্টের মধ্যে আমরা কাজ শেষ করতে পারবো। তবে কবে উদ্বোধন করা হবে, তা ঠিক করবে মন্ত্রণালয়।' গত ২৬ এপ্রিল রাজধানীর সেতু ২-এর পাতায় দেখুন

খুলনায় মাদক বিরোধী র‍্যালি

নিজস্ব প্রতিবেদক : 'মাদককে না বলুন' এই শ্লোগানকে সামনে রেখে রাউন্ড টেবিল বাংলাদেশের উদ্যোগে বর্ণাঢ্য সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১৪ জুলাই) সকাল ১০টায় খুলনার শিববাড়ি মোড়ে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রাকিবুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ খুলনা মহানগর ইউনিট কমান্ডের সাবেক কমান্ডার অধ্যাপক মোঃ আলমগীর কবির, বাংলাদেশ রিটায়ার্ড পুলিশ অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের খুলনা শাখার সাধারণ সম্পাদক অবসরপ্রাপ্ত অতিরিক্ত পুলিশ সুপার মো. শহিদুল ইসলাম ও খুলনা ২-এর পাতায় দেখুন

ভাটই রাবেয়া বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা রাবেয়া খাতুনের ২য় মৃত্যু বার্ষিকী পালিত

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ভাটইবাজার রাবেয়া খাতুন মডেল মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সমাজসেবী, দানশীল রাবেয়া খাতুনের ২য় মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্কুল ময়দানে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র আনিসুর রহমান, বীর মুক্তিযোদ্ধা মোঃ কোরবান আলী প্রধান শিক্ষক মোঃ জাহিদুজ্জামান জাহিদ, ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে ছাগলে গাছ খাওয়াকে কেন্দ্র করে গৃহবধুকে অমানুষিক নির্যাতন

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের উত্তর কাষ্টসাগরা গ্রামে ছাগলে গাছ খাওয়াকে কেন্দ্র করে সাজেদা খাতুন (৩৫) নামের এক গৃহবধুকে অমানুষিক নির্যাতন করা হয়েছে। বুধবার রাত সাড়ে ৯ টার দিকে এ ঘটনা ঘটে। সেসময় তার পেট ও বুকের উপরে পাড়ানো হয়েছে। তখন ঘটনাস্থলেই প্রসাব পায়খানা করে ফেলে খাওয়াকে কেন্দ্র করে রাত ওই নারী। সাজেদা খাতুন উত্তর কাষ্টসাগরা গ্রামের আবুল জলিলের স্ত্রী ও একই ইউনিয়নের বড় কামারকুন্ডু গ্রামের আব্দুর রাজ্জাক ও মনিরুল ইসলামের বোন। স্থানীয়রা আহত সাজেদা খাতুনকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করেন।

আহত সাজেদা খাতুন জানান, ছাগলে গাছ ২-এর পাতায় দেখুন

মহেশপুরে মায়ের মৃত্যুর পরও ৩ বছর ধরে বিধবা ভাতার টাকা তুলছেন ইউপি সদস্য

মো ঃ আজাদ ঃ মহেশপুর : ঝিনাইদহের মহেশপুরে মারা গিয়েও বিধবা ভাতার টাকা পান জায়দা খাতুন নামে এক মা। উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য শাহাজাহান আলীর মা তিন বছর আগে মারা যান। মারা গেলেও মায়ের নামে বিধবা ভাতার কার্ডটি চালু রয়েছে। নিজে ইউপি সদস্য হওয়ায় মৃত মায়ের নামের কার্ডটি বালিত করেনি বলে অভিযোগ উঠেছে। বিভিন্ন সুত্রে জানাগেছে, ২-এর পাতায় দেখুন

মহেশপুরে মাতৃভাষা গনগ্রন্থাগারের ২২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মো ঃ আজাদ ঃ মহেশপুর- "জ্ঞানভিত্তিক সমাজ গড়ি,অন্ধকার আলোকৃত করি" এই প্রতিপাদ্যে ঝিনাইদহের মহেশপুরে মাতৃভাষা গনগ্রন্থাগারের ২২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আনন্দ র‍্যালি,গাছের চারা বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকালে উপজেলার মান্দারবাড়িয়া ইউনিয়নের কালহুদা গ্রামে মাতৃভাষা গনগ্রন্থাগারের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জাতীয় পতাক উত্তলন,আনন্দ র‍্যালি ও কেক কাটার মধ্যে অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে মাতৃভাষা গনগ্রন্থাগারের নিজস্ব ভবনে মাতৃভাষা গনগ্রন্থাগারের প্রতিষ্ঠাতা ও সভাপতি এমকে টুটুলের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ। উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা লুতফর রহমান,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,সাতক্ষীরা পরিবার ২-এর পাতায় দেখুন

জাতীয় সাহিত্য অধিদপ্তর প্রতিষ্ঠার দাবি

নিজস্ব প্রতিবেদক : বাংলা সাহিত্যের ও লেখকদের কল্যাণে ১৫ দফা দাবিসহ জাতীয় সাহিত্য অধিদপ্তর প্রতিষ্ঠার দাবি জানিয়েছে জাতীয় সাহিত্য অধিদপ্তর বাস্তবায়ন পরিষদ নামে একটি সংগঠন। আজ (শুক্রবার) জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এ দাবি জানান। সংগঠনের প্রধান সমন্বয়ক কাজী ছাব্বির বলেন, বর্তমান প্রেক্ষাপটে একটি পূর্ণাঙ্গ সাহিত্য মন্ত্রণালয় প্রতিষ্ঠা সরকারের জন্য ব্যয়বহুল মনে হলেও সংস্কৃতি মন্ত্রণালয়ের সাথে সাহিত্যকে যুক্ত করে 'সাহিত্য ও সংস্কৃতি মন্ত্রণালয়' নামকরণের মাধ্যমে তা পরিচালনা করা সম্ভব।

আমদহ ইউনিয়ন কৃষকলীগের সভাপতি টুটুল, সম্পাদক আজাদ

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন শেষে আমদহ ইউনিয়ন কৃষক লীগের কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় আমদহ ঈদগাহ মাঠে আমদহ ইউনিয়ন কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে হাসানুজ্জামান টুটুলকে সভাপতি ও আবুল কালাম আজাদকে সাধারণ সম্পাদক নির্বাচন করা হয়। মেহেরপুর জেলা কৃষকলীগের যুগ্ম সম্পাদক আনারুল মিয়ার ২-এর পাতায় দেখুন

গাংনীতে যুবলীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

গাংনী প্রতিনিধি : বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে ও ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে উন্নীত করণে আগামী ১৭ জুলাই মেহেরপুরে তারুণ্যের জয়যাত্রা সমাবেশ সফল করার লক্ষ্যে গাংনীতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে গাংনী উপজেলা যুবলীগের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা যুবলীগ সভার আয়োজন করে।

সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মশোররফ হোসেন। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম।

এছাড়াও বক্তব্য রাখেন যুবলীগ নেতা রবিউল ইসলাম রবি, কেসমত আলী,মতিয়ার রহমান,শফিকুল ইসলাম, আশিকুর রহমান আকাশ ২-এর পাতায় দেখুন

গাংনীতে শিশু বলাৎকারের অভিযোগে থানায় মামলা

গাংনী প্রতিনিধি : মেহেরপুরের গাংনী পৌর এলাকার মাঠপাড়ায় এক শিশুকে বলাৎকারের অভিযোগে মুরছালিন হাসেন নামের এক ব্যক্তির নামে গাংনী থানায় মামলা করেছে শিশুটির পরিবার। মুরছালিন গাংনী মাঠপাড়ার মাকোদ্দেস ওরফে মকার ছেলে। মুরছালিন পেশায় একজন মুরগী ব্যবসায়ী। বলাৎকারের শিকার ওই শিশুর বাড়ি একই পাড়ায়। জানা গেছে, গত ৫ জুলাই সকালে ওই কিশোরকে পাখি শিকারের কথা বলে তারই খেলার সাথি রাহুলকে দিয়ে ডেকে নেয় মুরসালিন। পরে বাড়ির পাশে মাঠে জোরপূর্বক বলাৎকার করেন। সেই সাথে বলাৎকারের দৃশ্য ভিডিও এবং ছবি ধারণ করে কিশোর রাহুল। বলাৎকার শেষে বিষয়টি কাউকে না জানানোর জন্য ওই শিশুকে শাসিয়ে দেয়। এদিকে ওই কিশোর বাড়ি ফিরে বিষয়টি তার মায়ের কাছে বলে। শিশুটির মা বিষযটি ২-এর পাতায় দেখুন

পবিত্র আল-কোরআন পোড়ানোর প্রতিবাদে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রতিনিধি : সুইডেনে পবিত্র মহাগ্রন্থ আল-কোরআন পোড়ানোর প্রতিবাদে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ। গতকাল শুক্রবার বাদ জুম্মা শহরের বেলগাছি রেলগেটে এ বিক্ষোভ মিছিল করেন। বিক্ষোভ মিছিল ও সমাবেশে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের সভাপতি মাওলানা হাসানুজ্জামান, সাধারণ সম্পাদক মুফতি আবতারুজ্জামান, মিডিয়া বিষয়ক সম্পাদক ২-এর পাতায় দেখুন

সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

দৈনিক এই আমার দেশ ১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

সরকারি ওয়েবসাইটগুলো সুরক্ষিত হোক

সাইবার হামলার ঝুঁকিতে রয়েছে সরকারি সংস্থা ও দপ্তরের বেশির ভাগ ওয়েবসাইট। সাইবার হামলা ঠেকাতে নিরাপত্তা যথেষ্ট নয়- এমন খবর গণমাধ্যমে বারবার এসেছে। কিন্তু কর্তৃপক্ষ কতটা সচেতন হয়েছে? গত শুক্রবার যুক্তরাষ্ট্রের প্রযুক্তিবিষয়ক অনলাইন বার্তা সংস্থা টেকক্রাঞ্চের এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, সরকারের একটি ওয়েবসাইট থেকে কয়েক লাখ নাগরিকের ব্যক্তিগত তথ্য 'ফাঁস' হয়েছে। যেখানে অনেকের পুরো নাম, ফোন নম্বর, ই-মেইল ঠিকানা ও জাতীয় পরিচয়পত্রের নম্বরও রয়েছে। এদিকে গতকাল রোববার তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, সরকারি কোনো ওয়েবসাইট হ্যাক হয়নি। ওয়েবসাইটটির দুর্বলতার জন্য নাগরিকদের তথ্য উন্মুক্ত ছিল। সমস্যাটি সমাধানের চেষ্টা চলছে। অরক্ষিত ওয়েবসাইটের কারণে এমন অবস্থা এটা স্পষ্ট। এ ফাঁসের ঘটনায় আবার প্রমাণ হলো, সরকারি প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইটের নিরাপত্তা ব্যবস্থা দুর্বল। প্রশ্ন উঠছে, সাইবার নিরাপত্তা নিয়ে। কয়েক বছর ধরে সরকারি ও আর্থিক প্রতিষ্ঠানে সাইবার হামলার ঘটনা ঘটছে। কিন্তু নিরাপত্তার বিষয়ে কর্তৃপক্ষ তেমন দায়িত্বশীল নয়। গত মার্চে সাইবার হামলায় বিমান বাংলাদেশের কর্মীদের ব্যক্তিগত তথ্যসহ নানা গুরুত্বপূর্ণ তথ্য বেহাত হয়েছে। এসব তথ্যের জন্য ৫০ লাখ ডলার দাবি করে হ্যাকার গ্রুপ। যদিও আক্রান্ত হওয়ার আগেই গত ১৪ মার্চ বিমানকে সম্ভাব্য হামলার বিষয়ে সতর্ক করে সার্ট। কিন্তু বিমান কোনো ব্যবস্থা নেয়নি। ২০১৬ সালে হ্যাকিংয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে ১০ কোটি ১০ লাখ ১ হাজার ৬২৩ ডলার চুরি হয়। এরপর সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটের নিরাপত্তা নিয়ে কিছু তোড়জোড় হলেও কার্যকর কিছু হয়নি। সাইবার নিরাপত্তা নিয়ে কাজ করা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রকল্প বিজিডি ই-গভ সার্ট বিষয়টি নিয়ে শনিবার রাতে এক বিজ্ঞপ্তিতে বলেছে, একটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমে বাংলাদেশের লাখ লাখ নাগরিকের ব্যক্তিগত তথ্য ফাঁসের খবর নজরে আসার পর এ বিষয়ে কাজ শুরু করে সার্ট টিম। সাইবার স্পেসে তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে কিছু ব্যবস্থা নেয়ার কথা সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে সার্ট, যার মধ্যে রয়েছে- সাইবার হুমকি মোকাবিলায় নিজেদের সক্ষমতা বাড়ানো; ডিএনএস, এনটিপির মতো গুরুত্বপূর্ণ সেবা এবং নেটওয়ার্ক মিডলবক্সের নিরাপত্তা নিশ্চিত করা এবং সেগুলো যেন ইন্টারনেটে উন্মুক্ত না থাকে তা নিশ্চিত করা; সাইবার নিরাপত্তার বিষয়ে সচেতনতা গড়ে তুলতে কর্মী, গ্রাহক ও সেবাগ্রহীতাদের সচেতনতামূলক প্রশিক্ষণের আওতায় আনা; নেটওয়ার্ক ও ব্যবহারকারীদের ওপর ২৪ ঘণ্টা নজরদারি নিশ্চিত করা; 'দ্য ওপেন ওয়ার্ল্ডওয়াইড অ্যাপ্লিকেশন সিকিউরিটি প্রজেক্ট' ওয়েব অ্যাপ্লিকেশনগুলো কনফিগার ও শক্তপোক্ত করা উল্লেখযোগ্য। সুপারিশগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গুরুত্ব দিয়ে বিবেচনায় নিতে পারে। উপরোক্ত ঘটনায় যদি কোনোভাবে তথ্য ফাঁস হয়ে থাকে, তাহলে অবশ্যই এটি চরম ঝুঁকির ব্যাপার। এটি আমাদের সংবেদনশীল ব্যক্তিগত তথ্য। তথ্য বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে ব্যবহৃত হতে পারে। অবশ্যই তদন্ত করা দরকার। দায়ীরা কোনোভাবেই ছাড় যেন না পায়। পাশাপাশি প্রযুক্তির ব্যবহারে সব সময় সতর্ক থাকতে হবে। সরকারি সাইটগুলো সব সময় হ্যাকারদের খুব পছন্দের টার্গেট। এই সাইটগুলো নিয়মিত পরিচর্যা হয় না। সিকিউরিটি আপডেট করার প্রক্রিয়া ঠিকঠাক নেই। অতএব আপ টু ডেট রাখতে হবে নিরাপত্তা ব্যবস্থাও।

ঝিনাইদহে পারিবারিক দ্বন্দ্বে

টিংকু। এরপর থেকেই লিটন, তৌফিক ও শাহীনের মধ্যে বিরোধ চলে আসছিলো।

যুবদল নেতা লিটনের ফুফাতো ভাই তৌফিক, চাচাতো ভাই শাহিন। লিটন, ওবাইদুর ও আনিচ উভয় আহত লিটনের সহযোদ্ধা ছিলেন এবং আহত লিটনের সহিত সক্রিয়ভাবে বিএনপি রাজনীতির সাথে সম্পৃক্ত ছিলো।

স্থানীয়রা জানায়, যুবদল নেতা লিটন এসএসবি ইটভাটার ম্যানেজার হিসেবে দ্বায়িত্ব পালন করত কয়েক বছর আগে। সেখানে বর্তমানে শাহীন ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করছেন। এ নিয়েও তাদের মধ্যে বিরোধ চলছিলো। কয়েকদিন আগে পারিবারিক জমি নিয়ে তৌফিকের পিতা ওয়াশী আলম বাচ্চুকে শারিরীক ভাবে লাঞ্ছিত করে লিটন। এরই জের ধরে বিরোধ চরমে পৌছায়। সর্বশেষ বৃহস্পতিবার সন্ধ্যায় পাগলাকানাই ইউনিয়ন পরিষদের সামনে লিটনকে কুপিয়ে গুরুতর যখম করে তৌফিক, শাহীনসহ আরও কয়েকজন। ধারালো অস্ত্রের আঘাতে লিটনের এক হাতের কব্জি বিচ্ছিন্ন হয়ে যায়। অন্য হাত ও গুরুতর যখম হয়। বর্তমানে সে ঢাকা পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে যুবদল নেতা লিটনকে কুপিয়ে আহত করার ঘটনাকে ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা করছে বিএনপি। ঘটনাকে রাজনৈতিক ইস্যু বানিয়ে আন্দোলন করতে চাইছে জেলা বিএনপি। ঘটনা পারিবারিক দ্বন্দ্ব হলেও তারা রাজনৈতিক ভাবে ফায়দা লুটার জন্য দোষা চাপাচ্ছে যুবলীগ, ছাত্রলীগ ও আওয়ামী লীগের উপর। এমনকি ঘটনা কিছু না জানা সত্বেও পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদকে জড়াচ্ছেন তারা।

নাম প্রকাশে অনিচ্ছুক লিটনের এক প্রতিবেশী বলেন, ঘটনাটি পুরোটা পারিবারিক দ্বন্দ্ব। সেই ঘটনাকে রাজনৈতিক ভাবে ইস্যু করছে বিএনপির লোকজন। যা মোটেও কাম্য নয়।

বিষয়টি জানতে শুক্রবার দুপুরে লিটনের বাড়িতে গেলে কেউ কথা বলতে রাজী হয়নি। মা ও স্ত্রী অসুস্থ আছেন বলে তাদের সাথে কথা বলার বিষয়টি এড়িয়ে যান পরিবারের অন্যান্য সদস্যরা।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, লিটনকে কুপিয়ে যখম করার বিষয়টি পুর্বশত্রুতা। এখানে রাজনৈতিক কোন বিষয় নেয়। এ ঘটনায় ১৩ জনের নাম উল্লেখ করে থানায় মামলা হয়েছে। ঘটনাটি তদন্ত করে মুল কারণ বের করে আমরা প্রতিবেদন দিব।

ঘটনার প্রতিবাদে বিক্ষোভ করেছে ঝিনাইদহ জেলা যুবদল। শুক্রবার সকালে জেলা যুবদলের পক্ষ থেকে এইচএসএস সড়কে বিএনপি'র কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

ঝিনাইদহে শ্রমজীবি মানুষের জীবনে

সালেহা বেগম। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গান পরিবেশন করেন ঝিনেহা থিয়েটারসহ বিভিন্ন সংগঠনের বাউল শিল্পীরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি আব্দুল হাই এমপি বলেন. বর্তমান সরকার শ্রমজীবি মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করছে। এই সরকারের আমলে শ্রমজীবি মানুষেরা তাদের অধিকার রক্ষা করতে পেরেছে। আসন্ন নির্বাচনে তাই আবারো নৌকা প্রতিকে ভোট দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নির্বাচিত করার আহ্বান জানান তিনি।

ঝিনাইদহের পাগলা কানাই ইউনিয়নের

মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আছাদুজ্জামান আছাদ, শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক সাহাবুদ্দিন সাবু, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক হাফিজুর রহমান, শফিকুল ইসলাম শিমুল, জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর বিষয়ক সম্পাদক শাকিল আহম্মেদ, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল প্রমুখ বক্তব্য রাখেন। সেসময় বক্তারা বলেন, সদর উপজেলার বাড়ীবাথান গ্রামের যুবদল নেতা লিটনকে তার চাচাতো ও মামাতো ভাই পারিবারিক পুর্ব শত্রুতার জের ধরে কুপিয়ে যখম করেছে। বিষয়টি রাজনৈতিক ভাবে ফায়দা লুটার জন্য বিএনপি নেতাকর্মীরা উঠে পড়ে লেগেছে। ঘটনার সাথে জড়িত না থাকার পরও পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাসের নামে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। দ্রুত এই মামলা প্রত্যাহার করার দাবী জানান তারা। দ্রুত মামলা প্রত্যাহার না করা হলে কঠোর কর্মসূচীর হুশিয়ারি দেন তারা।

ঝিনাইদহে প্রয়াত রাষ্টপতি

অবঃ মেজর মাহফুজুর রহমান, সহ-সভাপতি মনিকা আলম, যুগ্ম সাধারণ সম্পাদক ফিরোজ কবির, সাংগঠনিক সম্পাদক আসিফ উদ্দিন লাভলু, দপ্তর সম্পাদক অরবিন্দ বিশ্বাস, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক সুলতান আহমেদ সোহাগ প্রমূখ। আলোচনা সভা শেষে হুসেইন মুহম্মদ এরশাদ এর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী

জনসংখ্যা বিষয়ক সম্পাদক, ১ জন সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক, ১ জন ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সম্পাদক, ১ জন বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক, ১ জন সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক, ১ জন কৃষি বিষয়ক সম্পাদক, ১ জন মহিলা বিষয়ক সম্পাদক, ১ জন যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক, ১ জন তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, ১ জন প্রতিবন্ধী বিষয়ক সম্পাদক ও ৬ জন সদস্যের নাম ঘোষণা করা হয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি করে দপ্তরে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে ১০ জুলাই মেহেরপুর সামসুজ্জোহা পার্কে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের নব গঠিত কমিটির সভাপতি আরিফুল ইসলাম সোবাহান ও সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজনসহ কমিটির অন্যান্য সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

অভয়নগরে মৃত্যুদণ্ড সাজাপ্রাপ্ত

আকবর আলী অভয়নগর উপজেলার শ্রীধরপুর ইউনিয়নের দিয়াপাড়া গ্রামের আনোয়ারুল্লাহর ছেলে।

এ ব্যাপারে অভয়নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এবিএম মেহেদী মাসুদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে যশোর সদর উপজেলার বসুন্দিয়া ইউনিয়নের বসুন্দিয়া বাজারে অভিযান চালানো হয়। রাত ১১ টার দিকে দীর্ঘদিন পালিয়ে থাকা ডাকাতি মামলার মৃত্যুদণ্ড সাজাপ্রাপ্ত পলাতক আসামি আকবর আলীকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার করতে সহযোগিতায় করে স্থানীয় বসুন্দিয়া পুলিশ ক্যাম্পের সদস্যরা।

গাংনীতে গাঁজা ছিনিয়ে নেয়ার

আহম্মদ আলীকে সন্দেহ করে মাদক ব্যবসায়ীরা। বৃহস্পতিবার বিকেলে আহম্মদ আলী বাড়ি থেকে রংমহল গ্রামে যাবার সময় মাদক পাচারকারী মিন্টু, সুরুজ ও কামালসহ ১০/১২ জন আহম্মদ আলীকে লোহার রড দিয়ে পিটিয়ে ও কুপিয়ে জখম করে। রডের আঘাতে তার হাত-পা ভেঙ্গে যায়। পরিবারের লোকজন স্থানীয়দের সহায়তায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতাল ও পরে কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করেন। তার শারীরিক অবস্থা আশংকাজনক বলে জানায় পরিবারের লোকজন। এ ঘটনায় আহম্মেদ আলীর ভাতিজা রুবেল বাদী হয়ে ১০জনের নামে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। পুলিশ পুলিশ অভিযুক্ত তিনজনকে গ্রেপ্তার করে জেল হাজতে পাঠিয়েছে। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, মাদক ছিনিয়ে নেয়া সন্দেহ করে মারপিটে করে আহত করার ঘটনায় একটি মামলা হয়েছে। ইতোমধ্যে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদেরকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

কুষ্টিয়ায় মুক্তিযোদ্ধা পরিবারকে

আমার পরিবার ও এলাকার মানুষের নামে থানায় মিথ্যা অভিযোগ জমা দিয়েছেন প্রতিপক্ষরা। এই ঘটনার সঠিক তদন্ত ও এ থেকে পরিত্রান পেতে প্রশাসনের হস্তক্ষেপ কামনাও করেছেন ভুক্তভোগীরা।

এ ব্যাপারে কুমারখালী থানার ওসি বলেন , আমরা তদন্ত করে দোষীদের আইনের মাধ্যমে শাস্তির ব্যবস্হা করি। জাতীর বীর সন্তানদের জন্য আমরা এই স্বাধীন বাংলাদেশ পেয়েছি । যে কেউ বীর মুক্তিযোদ্ধার রিরুদ্ধে অভিযোগ দিলেই গ্রেফতার করতে পারি না , সেক্ষেত্রে অবশ্যই সঠিক তদন্তের মাধ্যমে অপরাধীকে সনাক্ত করতে হয় । এই মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি সম্পর্কে মুক্তিযোদ্ধার সন্তান ও প্রজন্ম কুষ্টিয়া জেলা শাখার ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক শেখ সুভিন আক্তার বলেন, কুষ্টিয়া জেলার যে কোন জায়গায় কোন বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের বিরুদ্ধে অন্যায়ভাবে হামলা মামলা করলে আমরা ঘরে বসে থাকবো না । যে কোন মূল্যে আমাদের সংগঠন তা প্রতিহত করবে । আমরা সরকারের বাইরে না এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল তাই প্রশাসনকে বলতে চাই দ্রুত তদন্ত সাপেক্ষে অপরাধীদের খুঁজে বের করে ব্যাবস্থা গ্রহন করুন । অন্যথায় আমাদের সংগঠন " মুক্তিযোদ্ধার সন্তান ও প্রজন্ম " কুষ্টিয়া জেলা শাখা নির্যাতিত সকল পরিবারকে সাথে নিয়ে ডিসি কোর্ট চত্তরে কঠোর আন্দোলনের কর্মসূচি দিতে বাধ্য হবো ।

স্বাধীন বাংলা বেতারের শিল্পী

গানটি। বাঙালির বিজয়ের ঐতিহাসিক ক্ষণে কালজয়ী গানটিতে কণ্ঠ দেওয়া শিল্পীদের অন্যতম- বীর মুক্তিযোদ্ধা বুলবুল মহলানবীশ। তিনি একাধারে কবি ও লেখক; সংগীত, নাট্য ও আবৃত্তিশিল্পী। টিভি-বেতার-মঞ্চে শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানের নন্দিত উপস্থাপক তিনি। সর্বোপরী দেশের সাংস্কৃতিক আন্দোলনের একজন পুরোধা ব্যক্তিত্ব।

নজরুল সংগীতশিল্পী বুলবুল মহলানবীশ নজরুল সংগীত শিল্পী পরিষদের সহসভাপতি, সাধরণ সম্পাদক রবীন্দ্র একাডেমি। জাতীয় কবিতা পরিষদ, কচিকাঁচার মেল, উদীচী, সেক্টর কমান্ডারস ফোরাম, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র শিল্পী পরিষদসহ বহু সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন তিনি। তবে সব ছাপিয়ে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী-কণ্ঠযোদ্ধা পরিচয়টি তিনি বহন করতেন বিনম্র গৌরবে। তার দুটি গানের অ্যালবাম রয়েছে। প্রকাশিত হয়েছে ১২টির বেশি গ্রন্থ। মুক্তিযুদ্ধের পূর্ব প্রস্তুতি ও স্মৃতি ৭১ তার বহুল আলোচিত বই। সাহিত্য-সংস্কৃতিতে অবদানের জন্য পেয়েছেন- চয়ন স্বর্ণপদক, দেওয়ান মোহাম্মদ আজরফ ফাউন্ডেশন সম্মাননা, পশ্চিমবঙ্গের নজরুল একাডেমি সম্মাননা পদক।

খুলনায় মাদক বিরোধী র‍্যালি

প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক মাহবুবুর রহমান মুন্না।

র‍্যালি পূর্বক আলোচনা সভা পরিচালনা করেন মাদক বিরোধী সাইকেল র‍্যালির প্রধান সম্বয়ক ও রাউন্ড টেবিল বাংলাদেশের জাতীয় সভাপতি এজাজ মাহমুদ রনি।

অনুষ্ঠান প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের সম্মাননা স্বারক প্রদান করা হয়। সাইকেল র‍্যালিটি শিববাড়ি মোড় থেকে শুরু করে সোনাডাঙ্গা বাস স্ট্যান্ড-গল্লামারী- নিরালা- ময়লাপোতা- মোড়-সাতরাস্তার মোড়-পিটিআই মোড়-রূপসা স্ট্যান্ড মোড়-নতুন বাজার-খুলনা জিলা স্কুল-ফেরিঘাট প্রদক্ষিণ করে শিববাড়ি মোড়ে এসে শেষ হয়। খুলনা সাইক্লিস্টস, যশোর সাইক্লিস্টস, নড়াইল সাইক্লিস্টস, নওয়াপাড়া সাইক্লিস্টস, নওয়াপাড়া স্টান্ট রাইডার্স ও খুলনা সাইক্লিং কমিউনিটির প্রায় আড়াইশ সাইক্লিস্ট এ র‍্যালিতে অংশগ্রহণ করে।

সাইকেল র‍্যালি অনুষ্ঠানটির অনলাইন মিডিয়া পার্টনার ছিল দেশের শীর্ষ অনলাইন নিউজ পোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কম। অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিল দুরন্ত বাইসাইকেল।

মাদক শুধু ব্যক্তি নয়, পুরো পরিবারকেই ধ্বংস করে। তরুণ, যুবকরা হচ্ছে জাতির শ্রেষ্ঠ সম্পদ, মাদকের ছোবল থেকে তাদের বাচাতে সকলকে এগিয়ে আসতে হবে। মাদকের বিরুদ্ধে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাদক কারবারীদের ব্যাপারে প্রশাসনকে তথ্য দিয়ে সাহায্য করার জন্য বক্তারা আহবান জানান। একই সাথে মাদক বিরোধী র‍্যালি করার জন্য রেখে রাউন্ড টেবিল বাংলাদেশকে ধন্যবাদ জানান।

ভাটই রাবেয়া বালিকা বিদ্যালয়ের

সহকারী শিক্ষক মোঃ জালাল উদ্দীন, সহকারী শিক্ষিকা কাবেরী খাতুন, দেলোয়ার হোসেন, ফারুক হোসেন, মিঠুন কুমার, প্রমুখ। সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন অধ্যাপক আবু বকর সিদ্দীক ফিরোজ।

যান চলাচলের জন্য প্রস্তুত হচ্ছে

ভবনে মতবিনিময় সভা শেষে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেছেন, 'সেপ্টেম্বরে কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু টানেল যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু টানেল উদ্বোধন করবেন।' প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, টানেল চালু হলে চীনের সাংহাই শহরের আদলে ওয়ান সিটি টু টাউন পরিকল্পনা বাস্তবায়ন একধাপ এগিয়ে যাবে। চট্টগ্রাম নগরীর পরিধি বাড়বে। টানেলের এক প্রান্তে চট্টগ্রাম শহর, অপর প্রান্তে আনোয়ারা উপজেলা। শহরের খুব কাছে থাকলেও এই উপজেলা এতদিন অবহেলিত ছিল। টানেল চালুর মধ্য দিয়ে আরেকটি শহরে রূপ নিচ্ছে আনোয়ারা। ইতোমধ্যে আনোয়ারা উপজেলায় জমির দাম কয়েকগুণ বেড়ে গেছে। টানেল সংযোগ সড়কের দুই পাশে গড়ে উঠেছে ছোট-বড় অসংখ্য শিল্প-কারখানা। টানেল চালু হলে কর্ণফুলী নদী পাড়ি দিতে সময় লাগবে তিন মিনিট। বেঁচে যাওয়ায় সময় অর্থনীতিতে গতি আনবে। রাজধানী ঢাকার সঙ্গে চট্টগ্রাম নগরী এবং পর্যটন নগরী কক্সবাজারের সড়ক যোগাযোগে বৈপ্লবিক পরিবর্তন আসবে। টানেল চালুর প্রসঙ্গে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী কাজী হাসান বিন শামস বাংলা ট্রিবিউনকে বলেন, 'টানেল শুধু চট্টগ্রাম অঞ্চলে যোগাযোগ ব্যবস্থায় আমুল পরিবর্তন করবে তা নয়, অর্থনীতিতেও ব্যাপক অবদান রাখবে। যাতায়াতের অনেক সময় বাঁচবে। টানেল ঘিরে কর্ণফুলী নদীর অপরপ্রান্তে অর্থাৎ আনোয়ারায় ছোট-বড় অসংখ্য কল-কারখানা গড়ে উঠছে। ইতোমধ্যে টানেলের সংযোগ সড়ক ঘেঁষে শিল্প-কারখানা গড়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে। সংযোগ সড়ক একসময় এশিয়ান হাইওয়ের অংশ হয়ে উঠবে। এমন মহাপরিকল্পনা নিয়ে কাজ করছে সরকার।'

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের ৯৮ শতাংশ কাজ শেষ

কর্ণফুলী নদীর তলদেশে ১৮ থেকে ৩১ মিটার গভীরে টানেলটি নির্মাণ করা হচ্ছে। মূল টানেলের দৈর্ঘ্য ৩ দশমিক ৩২ কিলোমিটার। চারলেন বিশিষ্ট দুটি টিউবের প্রতিটির দৈর্ঘ্য ২ দশমিক ৪৫ কিলোমিটার। গত বছরের ২৬ নভেম্বর টানেলের দক্ষিণ প্রান্তের একটি টিউবের পূর্তকাজের সমাপ্তি উদযাপন করা হয়েছে। ওই অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়লি যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়া, মূল টানেলের পশ্চিম ও পূর্ব প্রান্তে ৫ দশমিক ৩৫ কিলোমিটার সংযোগ সড়ক এবং আনোয়ারা প্রান্তে ৭২৭ মিটার দৈর্ঘ্যের একটি ফ্লাইওভার থাকবে। ২০১৫ সালের নভেম্বরে অনুমোদন পায় প্রকল্পটি। ২০১৬ সালের ১৪ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২০১৯ সালের ২৪ ফেব্রুয়ারিতে বঙ্গবন্ধু টানেলের নির্মাণকাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুরুতে এর ব্যয় ধরা হয়েছিল ৮ হাজার ৪৪৬ দশমিক ৬৪ কোটি টাকা। পরবর্তীতে তা ১০ হাজার ৩৭৪ দশমিক ৪২ কোটি টাকা করা হয়। এর মধ্যে চীনের এক্সিম ব্যাংক ২ শতাংশ সুদে ৫ হাজার ৯১৩ দশমিক ১৯ কোটি টাকা দিচ্ছে। বাকি টাকা দিচ্ছে বাংলাদেশ সরকার।

সাতক্ষীরায় বিপুল পরিমাণ ভেজাল

কালিগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আমিনুর রহমান। এসময় আরও উপস্থিত ছিলেন কালিগঞ্জ থানার ওসি মামুন রহমান, উপপরিদর্শক মিলন বিশ্বাস প্রমুখ।

অতিরিক্ত পুলিশ সুপার জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল কৃষ্ণনগর এলাকায় অভিযান চালানো হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে মরিয়ম বেগমের স্বামী কামাল হোসেন পালিয়ে গেলেও পুলিশের হাতে ধরা পড়ে মরিয়ম। পরে তার স্বীকারোক্তি মোতাবেক বাড়ির ভিতরে গোপনে লুকিয়ে রাখা ২ হাজার ৫০ লিটার ভেজাল মধু জব্দ করা হয়। তিনি আরও জানান আসামীর কাছ থেকে ভেজাল মধু তৈরীর মেশিন, চিনি সহ বিভিন্ন রাসায়নিক জব্দ করা হয়েছে। জব্দকৃত মধুর বাজারমূল্য আনুমানিক ১০ লাখ ২৫ হাজার টাকা।

ঝিনাইদহে ছাগলে গাছ খাওয়াকে

সাড়ে ৯টার দিকে আমাদের বাড়িতে এসে অতর্কিত হামলা করে মতিয়ার ও তার সহযোগিরা। বিষয়টি জানতে চাইলে তার ছেলে তানজিল আমাকে এলোপাতাড়ি মারতে থাকে। আমি প্রতিবাদ করতে গেলে তাদের সাথে থাকা মনজুরা, নারগিস, জিনিয়া, রিতা ও রজিনাসহ বেশ কয়েকজন মিলে আমাকে মাটিতে ফেলে দিয়ে পাড়াতে থাকে। ওই সময়ে আমার প্রসাব পায়খানা হয়ে যায়। তাও তাদের থেকে আমি রক্ষা পাইনি। মেরে ফেলার উদ্দ্যেশ্যে আমাকে মারা হয়েছে। আমার স্বামী ও ছেলে এবং মেয়েকে মারপিট করেছে। আমি এ ঘটনার বিচার চাই।

সাজেদা খাতুনের ভাই আব্দুর রাজ্জাক বলেন, আমার বোন দেখতে কালো হওয়ায় বিয়ের পর থেকে আমার ভগ্নিপতি আব্দুল জলিলের ভাই মতিয়ার সহ ওই বাড়ির বেশ কয়েকজন কোন কিছু ঘটার আগে আমার বোনকে নির্যাতন করে আসছিল। এ দিয়ে তিন বার আমার বোনকে ওরা মেরেছে। আমি এবং আমার ভাই মনিরুল এ নির্যাতনের ঘটনায় বিচার চাই।

অভিযুক্ত মতিয়ার রহমানের ফোনে কল করা হলে তিনি তার গ্রামের মাতব্বর শহিদুল নামের এক ব্যক্তিকে দিয়ে কথা বলান। মাতব্বর শহিদুল বলেন এ ঘটনা আমি কিছুই জানতাম না। বিষয়টি নিয়ে সামাজিকভাবে বিচার করতে চান তিনি।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, এ ঘটনায় এখনও কোন অভিযোগ আসেনি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহেশপুরে মায়ের মৃত্যুর পরও ৩

প্রায় তিন বছর আগে মারা যান ইউপি সদস্য শাহাজানের মা জায়দা খাতুন। কিন্তু কার্ডটি বাতিল না করায় দুই বছরে সাত কিস্তিতে এক হাজার ৫১০ টাকা করে এসেছে ইউপি সদস্যের ভাই রাজামুল হোসেনের মোবাইল নম্বরে। এদিকে ইউপি সদস্য শাহাজাহান আলী কিছুই জানেনা বলে নিজের দোষ এড়ানোর চেষ্ঠা করেছেন।

ইউপি সদস্য শাহাজাহান আলী জানান, আমার মা মারা যাওয়ার আগে ছোট ভাইয়ের কাছে ছিলো। ছোট ভাই হয়ত মায়ের নামে বিধবা ভাতার কার্ড করিয়েছে। তবে মা বেঁচে থাকা কালীন ওই টাকা পাননি। এই কার্ডের ব্যাপারে আমার কিছুই জানা নেই।

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মোস্তাফিজুর রহমান জানান, প্রতিনিয়ত এসব ব্যাপারে চেয়ারম্যান ও ইউপি সদস্যদের তাগিদ দেওয়া হচ্ছে। তবে কিছু অস্বচ্ছ ইউপি সদস্যের কর্মকান্ডে এমন ঘটনা ঘটছে। ওই ইউপি সদস্যের মায়ের নামের কার্ডটি বাতিল করে নতুন আরেক জনের নামে করে দেওয়া হবে।

মহেশপুরে মাতৃভাষা গনগ্রন্থাগারের

পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক কবি দীপক কুমার সাহা,যশোর ডাঃ আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজের সহকারী অধ্যাপক ড.ওয়াহেদুল ইসলাম। এছাড়াও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ ও মাতৃভাষা গনগ্রন্থাগারের পাঠকরা উপস্থিত ছিলেন।

বক্তরা তাদের বক্তব্যে বলেন,এমন একটি অজোপাড়া গায়ে এমকে টুটুলের উদ্যেগে গড়ে উঠেছে মাতৃভাষা গনগ্রন্থাগার, রয়েছে বিভিন্ন ধরণের বই। যুব সমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য তাদের মাঝে জ্ঞানের আলো ছড়িয়ে দিচ্ছে মাতৃভাষা গনগ্রন্থাগার। এর পাশাপাশি মাতৃভাষা গনগ্রন্

ইতিহাস গড়তে চাঁদের পথে ভারতের চন্দ্রযান-৩

আন্তর্জাতিক ডেস্ক : এই অভিযান সফল হলে বিশ্বের প্রথম দেশ হিসেবে ভারত চাঁদের দক্ষিণ মেরুর কাছে একটি রোবটযান নামাতে সক্ষম হবে। চাঁদের ওই

বিশ্বের চতুর্থ দেশ হিসেবে ভারতকে চাঁদে পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়ে মহাকাশে রওনা হয়েছে চন্দ্রযান-৩।

শুক্রবার স্থানীয় সময় দুপুর ২টা ৩৫ মিনিট ১৭ সেকেন্ডে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে এ মহাকাশযানের সফল উৎক্ষেপণ হয়।

ঐতিহাসিক এ মুহূর্তের সাক্ষী হতে ভারতের শতকোটি মানুষের চোখ ছিল টেলিভিশন আর সোশাল মিডিয়ায়। আগ্রহ নিয়ে নজর রেখেছেন বিশ্বের অন্যান্য মহাকাশ গবেষণা সংস্থার বিজ্ঞানীরাও।

অভিযান সফল হলে বিশ্বের প্রথম দেশ হিসেবে ভারত চাঁদের দক্ষিণ মেরুর কাছে একটি রোবটযান নামাতে সক্ষম হবে। চাঁদের ওই অংশ এখনও খুব কমই জানে মানুষ।

চন্দ্রযান-৩ এর ল্যান্ডার আগামী ২৩ বা ২৪ অগাস্ট চাঁদে অবতরণ করবে বলে আশা করছেন ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর বিজ্ঞানীরা।

এর আগে কেবল যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন ও চীনের মহাকাশযান নিরাপদে চাঁদের মাটিতে নামতে পেরেছে।

চাঁদে পৌঁছানোর চেষ্টায় এর আগে দুটো অভিযান চালিয়েছে ভারত। ২০০৮ সালে প্রথম অভিযানে চন্দ্রযান-১ পৌঁছেছিল চাঁদের কক্ষপথে। চাঁদের ভূপৃষ্ঠের গঠন ও পানির উপস্থিতি নিয়ে বড় পরিসরে গবেষণা চালানো হয় সে সময়। দিনের বেলায় চাঁদে যে একটি বায়ুমণ্ডল সক্রিয় থাকে, ওই গবেষণাতেই তা প্রতিষ্ঠা করা সম্ভব হয়।

২০১৯ সালের দ্বিতীয় অভিযান আংশিকভাবে সফল হয়েছিল। চন্দ্রযান-২ এর অরবিটার আজও চাঁদের চারপাশ প্রদক্ষিণ করছে এবং তথ্য পাঠাচ্ছে। কিন্তু এর ল্যান্ডার অবতরণের সময় শেষ মুহূর্তের জটিলতায় চাঁদের মাটিতে বিধ্বস্ত হয়।

ইসরোর প্রধান শ্রীধরা পানিকার সোমানাথ বলেন, আগের অভিযানের তথ্য তারা খুব সতর্কতার সঙ্গে বিশ্লেষণ করে এবারের অভিযানের জন্য প্রস্তুত হয়েছিলেন, যাতে চন্দ্রযান-৩ কোনো জটিলতায় না পড়ে।

বিবিসি জানিয়েছে, ঐতিহাসিক এই উৎক্ষেপণ নিজের চোখে দেখতে বিপুল সংখ্যক মানুষ ভিড় করেছিলেন শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্রের বাইরে। ভর দুপুরে রোদের মধ্যে অনেকের মাথায় ছিল ছাতা। অনেকে আবার হাতে থাকা ভারতীয় পাতাকা দোলাচ্ছিলেন বাতাসে।

সুস্মিতা মোহন্তে নামের একজন স্পেস অন্টারপ্রনার বিবিসিকে বলেন, "এ যেন ক্রিকেটের ফাইনাল ম্যাচ! আমি নিশ্চিত, সবার চোখ এখন টেলিভিশনে।"

স্পেস মিশন নিয়ন্ত্রণ কক্ষের কাউন্ট ডাউন কমতে কমতে শূন্য সেকেন্ডে আসার পর বিপুল ধোঁয়ার মেঘের মধ্যে লঞ্চপ্যাড থেকে বিচ্ছিন্ন হয়ে মহাকাশের উদ্দেশ্যে যাত্রা করে এলভিএম-৩ রকেট, যার মাথায় বসানো আছে চন্দ্রযান-৩। নিয়ন্ত্রণ কক্ষে থাকা বিজ্ঞানী ও ভারতীয় কর্মকর্তাদের পাশাপাশি বাইরে জমায়েত হওয়া দর্শকরা করতালিতে ফেটে পড়ে।

এরপর সবকিছু ঠিকভাবেই চলে। জ্বালানি শেষ হয়ে গেলে রকেটের সঙ্গে থাকা দুটো বুস্টার নির্ধারিত সময়ে আলাদা হয়ে সমুদ্রে পড়ে যায়। বিভিন্ন ধাপ অতিক্রম করে এগিয়ে যেতে থাকে চন্দ্রযান-৩। এক পর্যায়ে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর নিয়ন্ত্রণ কক্ষ থেকে ঘোষণা দেওয়া হয়, চন্দ্রযান-৩ কে সফলভাবে নির্দিষ্ট কক্ষপথে পৌঁছে দিয়ে আলাদা হয়ে গেছে এলভিএম-৩ রকেট।

ভারতের মহাকাশ বিভাগের সচিব শ্রীধারা সোমনাথ নিয়ন্ত্রণ কক্ষে উপস্থিত বিজ্ঞানীদের অভিনন্দন জানান এবং সবার সঙ্গে হাত মেলাতে থাকেন। তিনি বলেন, "চাঁদের পথে যাত্রা শুরু করেছে চন্দ্রযান-৩।"

ভারতীয়দের জন্য এমন উপলক্ষ্যের দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছিলেন ফ্রান্স সফরে। সেখান থেকে তিনি টুইট করেন, "ভারদের মাহাকাশ অভিযানের ইতিহাসে নতুন অধ্যায়ের সূচনা করল চন্দ্রযান-৩।"

পৃথিবী থেকে চন্দ্রযান-৩ কে মহাকাশে পৌঁছে দিতে যে এলভিএম-৩ রকেট ব্যবহার করা হয়েছে, ভারতীয়রা তার নাম দিয়েছে 'বাহুবলী'। রকেট থেকে বিচ্ছিন্ন হওয়ার পর চন্দ্রযান-৩ নির্দিষ্ট কক্ষপথ ধরে ঘুরতে ঘুরতে পৃথিবী থেকে দূরে সরতে থাকবে।

এক পর্যায়ে এ মহাকাশযান প্রবেশ করবে চাঁদের কক্ষপথে। নতুন এই ধাপে চাঁদকে ঘিরে প্রদক্ষিণ করতে করতে দূরত্ব কমিয়ে আনবে চন্দ্রযান। চন্দ্রপৃষ্ঠ থেকে একটি নির্দিষ্ট দূরত্বে পৌঁছে শুরু হবে পরবর্তী ধাপ, অর্থাৎ অবতরণ পর্ব।

৩৯০০ কেজি ওজনের চন্দ্রযান-৩ বানাতে খরচ হয়েছে ৬.১ বিলিয়ন রুপি (সাড়ে ৭ কোটি ডলার)। ভারতের তৃতীয় চন্দ্রাভিযানের এই মহাকাশযান তৈরি হয়েছে অরবিটার, ল্যান্ডার ও রোভার- এই তিনটি অংশ নিয়ে।

ইসরোর প্রতিষ্ঠাতার নামে চন্দ্রযান-৩ এর ল্যান্ডারের নাম রাখা হয়েছে বিক্রম, যার ওজন প্রায় দেড় হাজার কেজি। ওই বিক্রমই তার পেটের মধ্যে বহন করবে ২৬ কেজি ওজনের রোভার বা রোবটযান প্রজ্ঞানকে।

এই মহাকাশযান চাঁদের কক্ষপথে প্রবেশ করতে সময় লাগবে ১৫ থেকে ২০ দিন। বিজ্ঞানীরা এরপর ধীরে ধীরে গতি কমিয়ে একটি নির্দিষ্ট জায়গায় মহাকাশযানকে নিয়ে যাবেন, যেখান থেকে বিক্রমের অবতরণপর্ব শুরু হবে। নির্দিষ্ট সময়ে চন্দ্রযান-৩ এর অরবিটার থেকে বিচ্ছিন্ন হয়ে চাঁদের মাটিতে নেমে যাবে ল্যান্ডার বিক্রম।

অবতরণের সময়টা হতে হবে একেবারে নির্দিষ্ট, চাঁদের কোনো এক দিনের ঠিক সূচনায়। কারণ ল্যন্ডর আর রোভারের ব্যাটারি চার্জ হতে সূর্যালোক দরকার হবে।

বিক্রম ঠিকঠাক চাঁদে নামতে পারলে এর পেট থেকে বেরিয়ে আসবে ছয় চাকার প্রজ্ঞান। চাঁদের পৃষ্ঠে ঘুরে ঘুরে সে পৃথিবীতে পাঠাবে তথ্য আর ছবি। এই রোভার সক্রিয় থাকবে চাঁদের এক দিন, যা পৃথিবীর ১৪ দিনের সমান। পাঁচ ধরনের যন্ত্র বহন করছে চন্দ্রযানের রোভার। চন্দ্রপৃষ্ঠের গাঠনিক বৈশিষ্ট্য, পৃষ্ঠের কাছাকাছি বায়ুমণ্ডল এবং ভূগর্ভে নিচে কী ঘটছে তা জানার চেষ্টা করবেন বিজ্ঞানীরা।

ইসরো প্রধান শ্রীধরা পানিকার সোমনাথ আশা করছেন, এই অভিযানে নতুন কিছু খুঁজে পাবেন তারা।

চাঁদের যে অংশে চন্দ্রযান পৌঁছাতে চায়, সেই দক্ষিণ মেরু নিয়ে মানুষের গবেষণা খুব বেশি এগোয়নি। ছায়ায় ঢাকা ওই অঞ্চল চাঁদের উত্তর মেরুর চেয়ে অনেকটা বড়। ধারণা করা হয়, সবসময় অন্ধকারে থাকা ওই অঞ্চলে পানির অস্তিত্ব থাকতেও পারে।

সোমনাথ বলেন, "আমরা যদি নতুন কিছুর সন্ধান পেতে চাই, তাহলে আমাদের চাঁদের এমন জায়গায় যেতে হবে, যে এলাকা নিয়ে খুব বেশি গবেষণা হয়নি। চাঁদের দক্ষিণ মেরু আমাদের সেই সুযোগ দিতে পারে। তবে ওই অংশে অবতরণের ঝুঁকিও অনেক বেশি।"

তিনি জানান, চন্দ্রযান-২ বিধ্বস্ত হওয়ার ঘটনায় সমস্ত তথ্য তারা সংগ্রহ করেছেন এবং বিশ্লেষণ করেছেন, যাতে আগেরবারের মত জটিলতা এড়ানো যায়।

চন্দ্রপৃষ্ঠের যে জায়গায় চন্দ্রযান-৩ এর ল্যান্ডার নামাতে চাইছে ইসরো, সেই জায়গার অনেক ছবি চন্দ্রযান-২ এর অরবিটার গত কয়েক বছরে পাঠিয়েছে। ফলে সেখানে ঠিক কতগুলো বোল্ডার এবং গর্ত আছে, সে বিষয়ে বেশ ভালো ধারণা পেয়েছেন ইসরোর বিজ্ঞানীরা।

চন্দ্রযান-১ অভিযানের প্রকল্প পরিচালক মিলস্বামী আন্নাদুরাই বিবিসিকে বলেন, "আমরা যদি মহাকাশের আরো গভীরে যাওয়ার জন্য চাঁদকে একটা স্টেশন বা আউটপোস্ট হিসেবে গড়ে তুলতে চাই, তবে আরো বহু অভিযান আমাদের চালাতে হবে। চাঁদে যে ধরনের উপাদান পওয়া যাবে, তা দিয়ে কী করে সেখানে মানুষ থাকার উপযুক্ত একটি আবাসস্থল গড়ে তোলা যায় তা আমাদের জানতে হবে। সেখানে যারা থাকবেন, তাদের জন্য পৃথিবী থেকে নিয়মিত রসদ যোগানোর উপায় কী হবে, সেটাও জানতে হবে।"

এই বিজ্ঞানীর ভাষায়, "৩ লাখ ৬০ হাজার কিলোমিটার দূরের ওই উপগ্রহ হয়ত কোনো এক দিন পৃথিবীর একটি দূরবর্তী মহাদেশে পরিণত হবে। আসলে, সেটাই আমাদের চূড়ান্ত লক্ষ্য।"

ভারতে বন্যায় প্লাবিত রাস্তাঘাট, নিহত শতাধিক

আন্তর্জাতিক ডেস্ক : ভারতের বন্যায় প্লাবিত হয়েছে দিল্লির রাস্তাঘাট। ইতোমধ্যে সুপ্রিম কোর্টসহ রাজধানীর বেশকিছু এলাকা ডুবে জনজীবনে ব্যাপক ভোগান্তি তৈরি হয়েছে। কার্যত পুরো দিল্লিই এখন যমুনার পানিতে হাবুডুবু খাচ্ছে। এ ছাড়া উত্তরাঞ্চলে এই ভয়াবহ বন্যায় শতাধিক প্রাণহানির ঘটনা ঘটেছে। এদিকে, গতকাল শুক্রবার বিকাশ ভাওয়ানসহ বন্যাকবলিত দিল্লির বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং লেফটেন্যান্ট গভর্নর বিনয় কুমার সাক্সেনা। এ ছাড়া ফ্রান্সে সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে ফোন করে দিল্লির বন্যা পরিস্থিতির খোঁজখবর নিয়েছেন। টাইমস অব ইন্ডিয়ার এক প্রতিবেদনে বলা হয়, বৃষ্টিতে যমুনার পানি বেড়ে যাওয়ায় বর্তমানে দিল্লির বহু এলাকা জলমগ্ন। যমুনার পানিতে ভেসে গেছে দিল্লির বহু বাড়িঘর, বাজার, রাস্তাঘাট, পর্যটনস্থল। অবরুদ্ধ হয়ে পড়েছে জনজীবন। রাজধানীর কোথাও কোমর পর্যন্ত আবার কোথাও বুক পর্যন্ত পানি। রাস্তাঘাটে পানি জমে যাওয়ায় যানচলাচলও বন্ধ হয়ে গেছে। এ নিয়ে বেশ উদ্বিগ্ন প্রশাসন। প্রতিবেদনে আরও বলা হয়, পুরাতন রেলওয়ে ব্রিজের কাছে যমুনার পানির উচ্চতা সকাল ৯টায় ২০৮ দশমিক ৪০ মিটার রেকর্ড করা হয়। ঘণ্টার ব্যবধানে আরও খানিকটা কমে সকাল ১০টায় ২০৮ দশমিক ৩৮ মিটার হয়। যমুনার পানি ধীরগতিতে কমতে থাকলেও এখনও বিপৎসীমার ওপর দিয়ে বইছে। বার্তাসংস্থা এপির এক প্রতিবেদনে বলা হয়, ভারতে বন্যায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হিমাচল প্রদেশে কমপক্ষে ৮৮ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে গত পাঁচ দিনে মারা গেছেন ৪২ জন। ওই রাজ্যে শতাধিক মানুষ বিভিন্ন দুর্ঘটনায় আহত হয়েছেন। বন্যার পানিতে গাড়ি, বাস, সেতু, বাড়িঘর ভেসে যাচ্ছে। এনডিটিভি প্রতিবেদনে বলা হয়, স্থানীয় সময় সকাল ৬টায় যমুনার পানি ২০৮ দশমিক ৪৬ মিটার উচ্চতায় ছিল, যা বৃহস্পতিবার রাতে ছিল ২০৮ দশমিক ৬৬ মিটার। কেন্দ্রীয় পানি কমিশন আভাস দিয়েছে, গতকাল শুক্রবার দুপুর ১টার মধ্যে পানির উচ্চতা আরও কমে ২০৮ দশমিক ৩০ মিটার হতে পারে। আনন্দবাজার পত্রিকার এক প্রতিবেদন বলা হয়, বন্যা পরিস্থিতি তৈরি হওয়ায় ১৬ জুলাই পর্যন্ত দিল্লির সব স্কুল-কলেজ বন্ধ রাখারও নির্দেশ দিয়েছে আম আদমি পার্টি (আপ) সরকার। সেচ ও বন্যা নিয়ন্ত্রণ বিভাগের কর্মকর্তা এবং বিপুল সংখ্যক কর্মী পানির প্রবাহ বন্ধ করার জন্য ইতোমধ্যেই ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে যুদ্ধকালীন তৎপরতায় কাজ শুরু করেছেন।



চ্যাটজিপিটিকে টেক্কা দিতে ইলন মাস্কের নতুন কোম্পানি

আন্তর্জাতিক ডেস্ক : বিশ্বের অন্যতম শীর্ষ ধনী ইলন মাস্কের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক প্রতিষ্ঠান 'এক্সআই' আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে। বলা হচ্ছে, চ্যাটজিপিটিকে টেক্কা দিতেই এটি নিয়ে এসেছেন মাস্ক। জানা গেছে, এ স্টার্টআপের নেতৃত্ব দেবেন ইলন মাস্ক নিজে। তার সঙ্গে কাজ করবেন যুক্তরাষ্ট্রের শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো থেকে আসা অত্যন্ত দক্ষ প্রযুক্তি প্রকৌশলীরা। আল জাজিরার প্রতিবেদন ও এক্সআইয়ের ওয়েবসাইট থেকে জানা যায়, ওপেনএআই, গুগল, মাইক্রোসফট, টেসলা, ডিপমাইন্ড ও ইউনিভার্সিটি অব টরন্টো'র কিছু প্রাক্তন কর্মী স্টার্টআপটিতে কাজ করবেন। মাস্কের নতুন এ প্রতিষ্ঠান টুইটার ও টেসলাসহ তার অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে নিবিড়ভাবে কাজ করবে। এক্সআইয়ের কর্মকর্তাদের মধ্যে যাদের নাম জানা গেছে তারা হলেন, গুগলের সাবেক প্রকৌশলী ইগর বাবুশকিন ও টনি উ, গবেষণা বিজ্ঞানী ক্রিশ্চিয়ান সেগেদি ও মাইক্রোসফটের সাবেক কর্মকর্তা গ্রেগ ইয়াং। প্রতিষ্ঠানটির আরও জানায়, তারা সান ফ্রানসিসকো বে এলাকায় অভিজ্ঞ প্রকৌশলী ও গবেষক নিয়োগ দিচ্ছে। গত বুধবার সন্ধ্যায় টুইটার স্পেসেস অনুষ্ঠানে মাস্ক কৃত্রিম বুদ্ধিমত্তার উন্নয়নে তার বিস্তারিত পরিকল্পনা তুলে ধরেন। তিনি বলেন, এক্সআইয়ের মাধ্যমে মহাবিশ্বের প্রকৃত রূপ বোঝার চেষ্টা করা হবে। আমার ধারণা, এক্সআই মানবতার পক্ষে থাকবে, কারণ এটি বুঝতে পারবে, মানবতা না থাকার চেয়ে মানবতা থাকার বিষয়টি অনেক বেশি কৌতূহলোদ্দীপক।

রাশিয়া-যুক্তরাষ্ট্রের পথে ভারত, সফল হবে চন্দ্রাভিযান?

আন্তর্জাতিক ডেস্ক : অবশেষে সেই মাহেন্দ্রক্ষণ। চাঁদে পাড়ি দিলো ভারতের একটি চন্দ্রযান। পূর্ব ঘোষণা অনুযায়ী, স্থানীয় সময় গতকাল শুক্রবার দুপুর ২টা ৩৫ মিনিটে চাঁদের উদ্দেশে পাড়ি দেয় ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর চন্দ্রযান-৩। কাউন্টডাউন শুরু হয়েছিল আগে থেকেই। গতকাল শুক্রবার শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টারের লঞ্চিংপ্যাড থেকে চন্দ্রযান-৩ উৎক্ষেপণ করা হয়। এই মুহূর্তের জন্য আগে থেকেই প্রহর গুনছিলেন দেশবাসী। এর আগে রাশিয়া, যুক্তরাষ্ট্র এবং চীনের চন্দ্রযান সফলভাবে চাঁদে নেমেছে। চন্দ্রযান-৩য়ের এই অভিযান সফল হলে ভারত হবে বিশ্বের চতুর্থ দেশ যাদের পাঠানো মহাকাশযান চাঁদের বুকে নামবে। গতকাল শুক্রবার চন্দ্রযান-৩ উৎক্ষেপণের সময় সেখানে উপস্থিত ছিলেন ভারতের বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী শ্রী জিতেন্দ্র সিং। আগেই চন্দ্রযানের সাফল্য কামনায় তিরুপতি মন্দিরে পূজা দিয়েছিলেন ইসরোর বিজ্ঞানীরা। চন্দ্রযান-৩-এর ল্যান্ডারের নাম বিক্রম এবং রোভারের নাম প্রজ্ঞান। ৪০ দিন পর আগামী ২৩ থেকে ২৪ আগস্টের মধ্যে চাঁদের বুকে নামতে পারে এই চন্দ্রযান। ইসরোর এই চন্দ্রযানের কেন্দ্রে রয়েছে এলভিএম-৩ রকেট, যা চন্দ্রযানটিকে শক্তি জোগাবে এবং পৃথিবীর কক্ষপথের বাইরে ঠেলে দেবে। এলভিএম-৩ হলো একটি ত্রিস্তরীয় উৎক্ষেপণ যান। এর আগে একাধিক কৃত্রিম উপগ্রহ এবং চন্দ্রযাত্রায় এই এলভিএম-৩ ব্যবহৃত হয়েছে। একে ভারতীয় রকেটের 'বাহুবলী' বলা হয়। এর মধ্যে দুটি স্তরে কঠিন জ্বালানি এবং একটি স্তরে তরল জ্বালানি রয়েছে। কঠিন জ্বালানি ১২৭ সেকেন্ড ধরে জ্বলে। উৎক্ষেপণের ১০৮ সেকেন্ডের মধ্যে জ্বলতে শুরু করে তরল জ্বালানি, যা ২০৩ সেকেন্ড ধরে রকেটটি চালনা করে।এর আগে ২০১৯ সালের ৬ সেপ্টেম্বর ল্যান্ডার 'বিক্রম'-কে চাঁদের পিঠে নামাতে গিয়ে ব্যর্থ হয়েছিল ইসরোর চন্দ্রযান-২। অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে নতুন করে চাঁদের মাটি ছোঁয়ার প্রস্তুতি নিয়েছে এই ভারতীয় সংস্থা। তবে আগের অভিযানে পাঠানো অরবিটারটি এখনও চাঁদকে প্রদক্ষিণ করে চলেছে। এবারের অভিযানে ইসরো আর কোনো অরবিটার চাঁদের কক্ষপথে পাঠাবে না বলে জানানো হয়েছে। চাঁদের মাটিতে নামতে কক্ষপথে থাকা চন্দ্রযান-২ এর অরবিটারের সাহায্য নেবে এবার চন্দ্রযান-৩ এর সঙ্গে যাওয়া ল্যান্ডার এবং এর ভেতরে থাকা রোভার।

৬৩ বছরে প্রথম নারী প্রধান পেলো অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় ব্যাংক

আন্তর্জাতিক ডেস্ক : ৬৩ বছরের ইতিহাসে প্রথমবারের মতো একজন নারীকে রিজার্ভ ব্যাংক অব অস্ট্রেলিয়ার প্রধান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। মিশেল বুলক নামের এই প্রবীণ নারী অর্থনীতিবিদ সেপ্টেম্বর থেকে দায়িত্ব নেবেন। তিনি গভর্নর ফিলিপ লো এর স্থলাভিষিক্ত হবেন। খবর আল-জাজিরার। গতকাল শুক্রবার এক বিবৃতিতে বুলক বলেছেন, আমি এই গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেয়ে অত্যন্ত সম্মানিত। এই ভূমিকায় আসা একটি চ্যালেঞ্জিং বিষয়। তবে একটি শক্তিশালী নির্বাহী দল ও বোর্ড আমাকে সাহায্য করবে। তিনি বলেন, রিজার্ভ ব্যাংক অব অস্ট্রেলিয়া জনগণের সুবিধার জন্য তার নীতি ও অপারেশনাল উদ্দেশ্যগুলো বাস্তবায়ন করবে বলে আমি নিশ্চিত করে বলতে পারি।এদিকে দেশটির প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজ বুলককে অসামান্য অর্থনীতিবিদ ও নেতা হিসাবে বর্ণনা করেছেন।

পুতিন ইতোমধ্যে ইউক্রেন যুদ্ধে হেরে গেছেন : জো বাইডেন

আন্তর্জাতিক ডেস্ক : রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইতোমধ্যে ইউক্রেনের যুদ্ধে হেরে গেছেন বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি আশা প্রকাশ করেন, কিয়েভের পাল্টা আক্রমণ মস্কোকে আলোচনার টেবিলে আনতে বাধ্য করবে। গতকাল শুক্রবার হেলসিঙ্কিতে ফিনল্যান্ডের প্রেসিডেন্ট সাউলি নিনিসটোর সঙ্গে এক যৌথ সংবাদ সম্মেলনে এসব কথা বলেন মার্কিন প্রেসিডেন্ট। রাশিয়া নতুন হামলা শুরু করেছে এবং প্রতিপক্ষকে ভয় দেখানোর জন্য প্রকাশ্যে এবং প্রায়শই পারমাণবিক হামলার হুমকি দেওয়ার পরিপ্রেক্ষিতে বাইডেন বলেন, 'পুতিনের পারমাণবিক অস্ত্র ব্যবহার করার কোনো বাস্তব সম্ভাবনা নেই।' মার্কিন প্রেসিডেন্ট জোর দিয়ে বলেন, 'যুদ্ধ বছরের পর বছর ধরে টানা যাবে না।' এই সপ্তাহে ন্যাটোর শীর্ষ সম্মেলনে কিয়েভকে সামরিক জোটটিতে অন্তর্ভুক্তির একটি টাইমলাইন দিতে ব্যর্থ হয়েছে। তবে ন্যাটোর নতুন সদস্য ফিনল্যান্ড সফরকালে জো বাইডেন প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে বলেন, 'ইউক্রেন একদিন এই জোটে যোগদান করবে।' সংবাদ সম্মেলনে জো বাইডেন বলেন, 'পুতিন ইতোমধ্যে যুদ্ধে হেরে গেছেন। পুতিনের একটি বাস্তব সমস্যা রয়েছে। ইউক্রেনের যুদ্ধে তার জয়ী হওয়ার কোনো সম্ভাবনা নেই।' ভিলনিয়াসে এই সপ্তাহের শীর্ষ সম্মেলনে ন্যাটো নেতারা ইউক্রেনের নেতা ভলোদিমির জেলেনস্কির সামরিক জোটে যোগদানের একটি সুস্পষ্ট টাইমলাইনের আশাকে ভেঙে দিয়েছেন। তারা বলেছেন, 'শর্তগুলো পূরণ হলেই' তারা ইউক্রেনকে আমন্ত্রণ জানাবে। বাইডেন অবশ্য বলেছেন, যুদ্ধ চলাকালে কোনো দেশ ন্যাটোর সদস্য হতে পারে না। ইউক্রেনের এখন যোগদানের অর্থ হবে 'তৃতীয় বিশ্বযুদ্ধে' জড়ানো। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন, কিয়েভ একদিন এই ক্লাবে যোগ দেবে। বাইডেন বলেন, 'তাদের (ইউক্রেনের) যোগদান করা উচিত নাকি অনুচিত তা নিয়ে নয়, বরং তারা কখন যোগদান করতে পারবে সেটাই হলো কথা।' পুতিন গত বৃহস্পতিবার সাংবাদিকদের বলেন, ইউক্রেনকে যদি ন্যাটোতে সদস্যভুক্ত করা হয়, তাহলে এটি 'সাধারণভাবে বিশ্বকে আরও বেশি ঝুঁকিপূর্ণ করে তুলবে' এবং বিশ্বব্যাপী উত্তেজনা বাড়াবে। মস্কো ইউক্রেনের ওপর আরেকটি বিমান হামলা চালিয়েছে।

বিনোদন

শুদ্ধ হিন্দি না জেনেও বলিউড কাঁপালেন সুনীল শেঠি

বিনোদন ডেস্ক : বলিউডে নিজের যাত্রা সম্পর্কে সুনীল শেঠি বলেন, 'তরুণরা আমার যাত্রায় তাদের নিজেদের দেখতে পারবে, কারণ আমি যখন অভিনয় শুরু করি তখন একেবারে নিশ্চিন্ত ছিলাম না যে একজন সাউথ ইন্ডিয়ান হিসেবে আমি বলিউডে জায়গা করে নিতে পারব। এমনকি আমি শুদ্ধভাবে হিন্দিও বলতে পারতাম না। তারপর ও আমি অভিনয় জগতে আসি এই বিশ্বাস করে যে আমার মার্শাল আর্ট আমাকে অনেক দূর এগিয়ে নিয়ে যাবে।' তিনি আরও বলেন, নিজেকে তিনি অমিতাব বচ্চনের মতো মনে করেছিলাম কিছু অংশে। কিন্তু সমালোচনার পরে তিনি বুঝতে পারেন যে বাস্তবতা অন্য। 'শত সমালোচনার পরেও আমি পিছু সরিনি। আমি চেয়েছিলাম নিজের একটা অস্তিত্ব বলিউডে হোক। সেই চিন্তা থেকেই আমার শক্তির জায়গা অ্যাকশনের দিকে ফোকাস করি। বেশ কিছু ভয়াবহ এবং উচ্চ ঝুঁকিপূর্ণ অ্যাকশন স্টান্ট করা শুরু করি। তবে এসবই আমি করতাম আমার পরিবারের অগোচরে। তখন মাঝে মাঝে চিন্তা হতো যে, হয়তো আমি বাসায় ফিরব একটা হাড্ডি ভাঙা নিয়ে অথবা ফিরবই না। তবে না বললেই নয়, অ্যাকশন হিরো হওয়া খুবই কঠিন কাজ,' বলেন সুনীল শেঠি। সুনীল শেঠি বলিউডের অন্যতম বিখ্যাত অভিনেতা এবং ব্যবসায়ী। তিনি একজন অ্যাকশন হিরো যিনি অনেক হিট অ্যাকশন মুভিতে কাজ করেছেন পাশাপাশি তিনি রোমান্টিক এবং কমেডি ছবির জন্যও খ্যাতিমান। সবাই আদর করে সুনীল শেঠিকে আন্না বলে ডাকে। এ অভিনেতা প্রায় ১১০টির মতো চলচ্চিত্রে কাজ করেছেন। তার অভিনীত চলচ্চিত্রের মধ্যে তামিল ভাষার চলচ্চিত্রও আছে।

আসছে সালমান-সাজিদ জুটির পরবর্তী সিনেমা

বিনোদন ডেস্ক : সালমান খান ও জ্যাকলিন ফার্নান্দেজ অভিনীত সুপারহিট সিনেমা 'কিক'-এর সিক্যুয়েল আনতে যাচ্ছেন পরিচালক ও নির্মাতা সাজিদ নাদিয়াদওয়ালা। সম্প্রতি 'কিক ২' আনার ঘোষণা দিলেন এই পরিচালক-প্রযোজক। একটি নিউজ পোর্টালকে দেওয়া সাক্ষাৎকারে সাজিদ বলেন, সিনেমা বানানো একটি সৃজনশীল কাজ। তিনি প্রত্যেকবার দর্শকদের থেকে ভালো সাড়া পেয়ে আসছেন। 'কিক' নিয়েও দর্শকদের প্রত্যাশা অনেক। সাজিদ আরো শেয়ার করেছেন, সিনেমাটির বিষয়বস্তু তার হাতে রয়েছে, তবে কিছুটা সময়ের প্রয়োজন। সিনেমাটি মুক্তির জন্য বড় পরিসরের অর্থ এবং সময়ের প্রয়োজন। সবকিছু ঠিকঠাক হয়ে গেলে 'কিক ২'-এর কাজ শুরু করে দেওয়া হবে। তিনি আরো বলেন, সালমান খান সিনেমার স্ক্রিপ্ট দেখেছেন। সালমান খান এখন ব্যস্ত রয়েছেন স্পাই ইউনিভার্সের আসন্ন চলচ্চিত্র 'টাইগার থ্রি' সিনেমা নিয়ে। এতে ক্যাটরিনা কাইফ ও ইমরান হাশমিকেও দেখা যাবে। সিনেমায় একটি বিশেষ চরিত্রে ক্যামিও হিসেবে হাজির থাকবে 'পাঠান' খ্যাত শাখরুখ খান।

কর্মবিরতির ডাক, থমথমে হলিউড!

বিনোদন ডেস্ক : আশঙ্কাই সত্যি হলো। স্থবির অবস্থায় পড়েছে বিশ্ব বিনোদনের সবচেয়ে বড় ইন্ডাস্ট্রি হলিউড। যুক্তরাষ্ট্রের এই সিনেমা ইন্ডাস্ট্রিতে অনির্দিষ্ট সময়ের জন্য ধর্মঘট তথা কর্মবিরতির ডাক দিয়েছে শিল্পী-কুশলীরা। স্থানীয় সময় বৃহস্পতিবার সম্মিলিতভাবে ধর্মঘটের ঘোষণা দেয় অভিনয়শিল্পীদের সংগঠন স্ক্রিন অ্যাকটরস গিল্ড (এসএজি)। এই সংগঠনের সদস্য সংখ্যা ১ লাখ ৬০ হাজার। এর আগে গত বুধবার স্টুডিওগুলোর সঙ্গে বৈঠকে বসেছিল এসএজি'র নেতারা। আশা করা হচ্ছিলো, বৈঠক থেকে ইতিবাচক সিদ্ধান্ত পাবেন আন্দোলনকারীরা। কিন্তু এটিকে এখন অর্থহীন বৈঠক বলে ক্ষেভ প্রকাশ করছেন বেশিরভাগ সদস্য। বৈঠক থেকে ইতিবাচক ফল পাননি অভিনয়শিল্পীরা। তাই বৃহস্পতিবার ভোটের মাধ্যমে ধর্মঘটের ঘোষণা দেন। এর ফলে ৪৩ বছর পর ধর্মঘটের ডাক দিলেন হলিউডের অভিনয়শিল্পীরা। গত মে মাস থেকে রাজপথে আন্দোলন চালিয়ে যাচ্ছেন চিত্রনাট্যকারেরা। ঘোষণা অনুযায়ী শুক্রবার থেকে তাদের সঙ্গে যোগ দেয়ার কথা অভিনয়শিল্পীদের। নিউইয়র্ক, লস অ্যাঞ্জেলস-সহ আরও যেসব শহরে সিনেমা-শো নির্মিত হয়, সবখানেই আন্দোলন করবেন তারা। ১৯৬০ সালের পর এই প্রথম অভিনয়শিল্পী এবং চিত্রনাট্যকাররা এক হয়ে ধর্মঘটের ডাক দিয়েছেন। ডিজনি, ইউনিভার্সাল, সনি ও প্যারামাউন্টের মতো হলিউডের প্রভাবশালী প্রতিষ্ঠান এবং নেটফ্লিক্স, অ্যামাজন ও অ্যাপলের মতো স্ট্রিমিং প্ল্যাটফর্মের বিরুদ্ধে দুই সংগঠনের ১ লাখ ৭০ হাজারের বেশি শিল্পী-কুশলী নেমেছেন প্রতিবাদে। বৃহস্পতিবার এক সংবাদ স